



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষিকার কার্যালয়

বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

ময়মনসিংহ।

স্থাপিতঃ ১৮৭৩, বিদ্যালয় কোডঃ ৭২৯৬, কেন্দ্র কোডঃ ৩৫০, থানা কোডঃ ২৭৬, জেলা কোডঃ ৩৫
ফোনঃ ০৯১-৬৪১৫২, EINN: 111842, Email - vidyamayee.school@yahoo.com

স্মারক নং- ২০৫(ক)

তারিখঃ

২০ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ


০৫ নভেম্বর ২০২৪ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ এর খেলার মাঠের পূর্ব পাশে দেয়াল সংলগ্ন ব্যবহার অনুপযোগী জরাজীর্ণ ০২ (দুই) তলা ভবন নিলামে বিক্রয়ের লক্ষ্যে যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ভিত্তিতে আগ্রহী/কোম্পানী সমূহকে নিজস্ব প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সিলমোহরকৃত খামে নিলামে অংশগ্রহণের জন্য দরপত্র দাখিলের আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	নাম	মালামালের বিবরণ	পরিমাণ	একক
০১.	দ্বিতল পাকা ভবন	প্রথম ও দ্বিতীয় তলা	১৭৫.৩০ x ২ = ৩৫০.৬১	বর্গমিটার

- ১। আগ্রহী দরদাতাগণ আগামী ২০/১১/২০২৪ খ্রি. তারিখ বুধবার সকাল ৯:৩০ ঘটিকা হতে বেলা ১১:৪৫ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত নিলাম দরপত্রসমূহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ- এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর/ডাকযোগে/কুরিয়ার সার্ভিস যোগে দরপত্র গ্রহণ করা হবে না।
- ২। আগামী ২০/১১/২০২৪ খ্রি. তারিখ বুধবার দুপুর ১২ঃ ০০ ঘটিকায় নিলাম দরপত্রসমূহ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ- এ উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ৩। সকল দরদাতাকে সকল আইটেমসমূহের জন্য একত্রে মোট দর দাখিল করতে হবে। বেশি প্রদত্ত দর এর ভিত্তিতে সর্বোচ্চ দরদাতা বিবেচনা করা হবে।
- ৪। উদ্ধৃত দর এর ২০% (বিশ শতাংশ) নিরাপত্তা জামানত হিসেবে প্রধান শিক্ষক, বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ দরপত্র জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত দরপত্র বিবেচনা করা হবে না।
- ৫। নিলাম দরপত্রে উল্লিখিত মালামালসমূহ আগামী ১৩/১১/২০২৪ খ্রি. বুধবার এবং ১৪/১১/২০২৪ খ্রি. বৃহস্পতিবার সকাল ১১: ০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- ৬। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ০৩ (তিন) দিনের মধ্যে অবশিষ্ট ৮০% (আশি শতাংশ) মূল্য নগদ/পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করে বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ হতে কার্যাদেশ প্রাপ্তি সাপেক্ষে মালামালসমূহ গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ৭। কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে সর্বোচ্চ ০৭ (সাত) দিন এর মধ্যে যাবতীয় মালামাল অপসারণ করতে হবে।
- ৮। খামের উপর "নিলাম দরপত্র" সিলমোহরকৃত খামে নিজস্ব প্যাডে বিস্তারিত ঠিকানা (মোবাইল নম্বরসহ) ও স্বাক্ষরসহ নিলাম দরপত্র দাখিল করতে হবে। দরপত্রে কোন কাটাকাটি/ ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।
- ৯। বর্ণিত সকল মালামালসমূহ গ্রহণের পূর্বে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট- এর মাধ্যমে দেয় মোট মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও উৎসে কর বাবদ অর্থসহ মোট মূল্য পরিশোধ করতঃ জমা দানের রশিদপত্র প্রধান শিক্ষক, বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ- এ দাখিল করতে হবে।
- ১০। নিলাম কৃত মালামালসমূহ প্রদানের সময় পরিমাণ কম বা বেশী হতে পারে।
- ১১। কোনরূপ কারণ দর্শানো ছাড়াই দরপত্র বাতিল করার ক্ষমতা বিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১২। শর্ত বর্হিভূত কোন বিষয়ে সমস্যার উদ্ভব হলে বিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


(নাহিমা আক্তার)

সদস্য সচিব

স্থানীয় কনভেনশন কমিটি

ও

প্রধান শিক্ষক

বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ।